শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

# কক্সবাজার পল্লী বিদ্যুৎ সমিতি
## Cox's Bazar Palli Bidyut Samity

জেনারেল ম্যানেজারের কার্যালয়
ঝিলংজা, কক্সবাজার।

web: www.pbs.coxsbazar.gov.bd, e-mail: coxspbs@yahoo.com, Phone: 880-341-63997/64022

স্মারক নং-২৭.১২.২২২৪.৫৪৩.০১.০৩৮.২৩. ২৭২৭

তারিখ : ১১ শ্রাবণ' ১৪৩০ বাংলা
২৬ জুলাই' ২০২৩ খ্রিঃ

**বিষয়: অভিন্ন কম্পিউটারাইজড বিদ্যুৎ বিল ফরম ক্রয়/ছাপনোর লক্ষ্যে রিকোয়েস্ট ফর কোটেশন (RFQ) পদ্ধতিতে দরপত্র বিজ্ঞপ্তি।**

কক্সবাজার পল্লী বিদ্যুৎ সমিতির নিজস্ব অর্থায়নে অভিন্ন কম্পিউটারাইজড বিদ্যুৎ বিল ফরম ছাপানোর লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত ব্যবসায়িক প্রতিষ্ঠান/ঠিকাদারী প্রতিষ্ঠান/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নোক্ত শর্ত স্বাপেক্ষে সিল মোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

| ক্রমিক | মালামালের বিবরণ | গ্রাহক শ্রেণী | প্রয়োজনীয় পরিমাণ | মোট পরিমাণ | উদ্ধৃত মূল্য (সকল প্রকার ভ্যাট ও কর সহ) | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | একক মূল্য | মোট মূল্য |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ = ৪×৬ |
| ০১। | <u>অভিন্ন কম্পিউটারাইজড বিদ্যুৎ বিল ফরম:</u><br>সাইজ: ১১´´× ৯.৫´´ (১১´´× ৮.৫´´ পারফুরেশন ব্যতীত)।<br>কাগজের ধরন: GMS-70<br>(প্রতিবক্সে কন্টিনিউয়াস শীটে ২০০০ (দুই হাজার) শীট এবং ওজন ন্যূনতম ৯.৩৩ কেজি।<br>পারফুরেশনের মাপঃ নমুনা অনুযায়ী।<br>ছাপার বিবরণ: দুই রং অফসেট প্রিন্ট, উভয় পৃষ্ঠা ছাপা।<br>ছাপার বিষয়বস্তু : নুমনা অনুযায়ী।<br><u>বিশেষ নির্দেশনা:</u><br>ক) প্রতি কপিতে উপরে কক্সবাজার পবিসের লগো থাকতে হবে।<br>খ) প্রতি কপিতে **"শেখ হাসিনার উদ্যোগ-ঘরে ঘরে বিদ্যুৎ"**এই শ্লোগান সম্বলিত লগো মুদ্রন করতে হবে।<br>গ) বিইআরসি কর্তৃক জারিকৃত অভিন্ন কম্পিউটারাইজড বিদ্যুৎ বিল ফরম এর নির্ধারিত ফরমেট অনুযায়ী হতে হবে। | এলটি-এ গ্রাহক (আবাসিক গ্রাহকের জন্য)<br><br>এলটি-এ ব্যতীত অন্যান্য এলটি গ্রাহক | ২,১০,০০০ শীট<br><br>৩০,০০০ শীট | ২,৪০,০০০ (দুই লক্ষ চল্লিশ হাজার) শীট/ ১২০ (একশত বিশ) বক্স | | |
| | | | | | সর্বমোট = | |
| কথায় : | | | | | | |

## দরপত্র গ্রহন ও খোলার স্থান এবং সময়সূচী

| দরপত্র গ্রহন ও খোলার স্থান | সময়সূচী | | |
|---|---|---|---|
| ক) সদর দপ্তর, কক্সবাজার পল্লী বিদ্যুৎ সমিতি, ঝিলংজা, কক্সবাজার। | দরপত্র গ্রহনের তারিখ এবং সময় | : | ০৩ আগস্ট' ২০২৩ খ্রিঃ রোজ বৃহস্পতিবার দুপুর ১২:০০ ঘটিকা পর্যন্ত। |
| খ) পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দক্ষিণাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, খিলক্ষেত, ঢাকা। | দরপত্র খোলার তারিখ এবং সময় | : | ০৩ আগস্ট' ২০২৩ খ্রিঃ রোজ বৃহস্পতিবার দুপুর ১২:০৫ ঘটিকা। |

**শর্তাবলী:**

০১। আগ্রহী দরদাতাগণ উপরে বর্ণিত সময়সীমার মধ্যে ব্যক্তিগতভাবে উপস্থিত হয়ে উপরোক্ত দপ্তরে রক্ষিত টেন্ডার বক্সে দরপত্র দাখিল করতে পারবেন। নির্ধারিত সময়ের পর কোন অবস্থাতেই দরপত্র গ্রহন করা হবে না। দাখিলকৃত দরপত্র সমূহ বর্ণিত সময় সূচী অনুযায়ী নির্ধারিত স্থানে দরদাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে ।

০২। দরপত্র খামের উপর স্পষ্টাক্ষরে **"অভিন্ন কম্পিউটারাইজড বিদ্যুৎ বিল ফরম সরবরাহের দরপত্র"** কথাটি লিখে খাম সীলগালা যুক্ত করতে হবে। দরপত্র সঠিকভাবে পূরন করে প্রতিষ্ঠানের মালিক অথবা ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধিকে স্বাক্ষর করতে হবে।

০৩। দরপত্রের সাথে হালনাগাদ (ক) ট্রেড লাইসেন্স (খ) ভ্যাট রেজিষ্ট্রেশন (গ) ব্যাংক সলভেন্সী ও (ঘ) আয়কর সনদ এর ফটোকপি প্রথম শ্রেনীর সরকারী কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে দাখিল করতে হবে।

০৪। কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রাপ্তির ১৫ দিনের মধ্যে উপরে বর্ণিত স্পেসিফিকেশন অনুযায়ী সমস্ত মালামাল সরবরাহ করতে হবে। মালামাল সরবরাহের পর পবিস কর্তৃক গঠিত গুনগত মান যাচাই কমিটি কর্তৃক গুনগত মান যাচাই করে মালামাল গ্রহণ করা হবে।

০৫। সন্তোষজনক ভাবে মালামাল সরবরাহের পর চালান ও বিল দাখিল সাপেক্ষে একাউন্ট পে-চেক এর মাধ্যমে সরাসরি বিল পরিশোধ করা হবে। সরকারী নিয়ম অনুযায়ী মোট বিল হতে ভ্যাট ও অন্যান্য কর কর্তন করা হবে। উদ্ধৃত একক দর ও মোট দর স্পষ্টাক্ষরে লিখতে হবে। কোন প্রকার কাটাকাটি, ঘষামাজা ও ফ্লুইড ব্যবহার গ্রহণযোগ্য হবে না। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গন্য হবে।

০৬। নির্ধারিত সময়ের মধ্যে মালামাল সরবরাহ করতে ব্যর্থ হলে প্রতিদিনের বিলম্বের জন্য কার্যাদেশে উল্লেখিত মোট মূল্যের ১% এর ১/১০ অংশ হিসেবে কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট মূল্যের ১০% এর অধিক হবে না।

০৭। কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন/সকল দরপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা কক্সবাজার পবিস কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

০৮। দরপত্র বিজ্ঞপ্তিতে উল্লেখ নাই এমন যে কোন বিষয়ে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গন্য হবে।

২৫।৭।২৩
(মোঃ শহীদ উদ্দিন)
জেনারেল ম্যানেজার

অনুলিপি: (সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)

০১। পরিচালক পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দঃঅঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। (দরপত্র বিজ্ঞপ্তিতে বর্ণিত তারিখে দরপত্র গ্রহণের সদয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)।

০২। সিনিয়র সিষ্টেম এনালিষ্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। (বাপবিবোর্ডের ওয়েব সাইট-এ দরপত্র বিজ্ঞপ্তিটি প্রকাশের নিমিত্তে অনুরোধসহ)।

০৩। জেলা প্রশাসক, কক্সবাজার।

০৪। পুলিশ সুপার, কক্সবাজার।

০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.................পবিস-১/২/৩/৪।

০৬। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সড়ক ও জনপথ কার্যালয়, কক্সবাজার।

০৭। নির্বাহী প্রকৌশলী (এসওডি), বাপবিবোর্ড, কক্সবাজার।

০৮। ডিজিএম, টেকনাফ জোনাল অফিস, কক্সবাজার পবিস।

০৯। সহকারী প্রকৌশলী, বাপবিবোর্ড, কক্সবাজার।

১০। এজিএম (ওএন্ডএম/অর্থ-হিসাব/প্রশাসন), কক্সবাজার পবিস। (নির্ধারিত তারিখে কক্সবাজার পবিসের সদর দপ্তরে উপস্থিত হয়ে প্রাপ্ত দরপত্র সমূহ মূল্যায়ন করবেন।)

১১। এজিএম ( আইটি-১/২), কক্সবাজার পবিস, ( বিজ্ঞপ্তিটি কক্সবাজার পবিসের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা নিবেন)।

১২। মেসার্স ........................................................।

১৩। নোটিশ বোর্ড, কক্সবাজার পবিস/ওয়েব সাইট: www.pbs.coxsbazar.gov.bd

১৪। অফিস কপি/মাষ্টার ফাইল।

২৫।৭।২৩
(মোঃ শহীদ উদ্দিন)